গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, গাজীপুর
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০১৪.০৮.০১০.২২-৯০৯৫

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪৩১
২৬ নভেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্দারা গাজীপুর জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী ব্যক্তি/ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/ডিলার/আগ্নেয়াস্ত্র মেরামতকারী প্রতিষ্ঠান/সেফ কিপিং এবং গাজীপুর জেলায় বসবাসরত অন্য জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **২০২৫ সনের** জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে নবায়ন করা হবে। যথাসময়ে উপস্থিত হয়ে স্ব স্ব অস্ত্র প্রদর্শন সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬, তারিখ: ০৩/০৮/২০১৬ মোতাবেক জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর আলোকে নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ থানায় বা সেফকিপিং এ জমা থাকলে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের সময় আগ্নেয়াস্ত্র জমার সংশ্লিষ্ট রশিদ বা প্রমাণাদি প্রদর্শন করতে হবে। ট্রেজারি চালানে লাইসেন্সধারীর নাম, পিতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, লাইসেন্স নম্বর এবং অস্ত্রের নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। অসম্পূর্ণ চালান গ্রহণ করা হবে না।

লাইসেন্সধারীর ক্যাটাগরি	আগ্নেয়াস্ত্রের ধরন	নবায়ন ফি	নবায়ন ফি'র উপর প্রদেয় ১৫% ভ্যাট	নবায়ন ফি'র উপর প্রদেয় ১০% উৎস কর
ব্যক্তি পর্যায়ে	পিস্তল/রিভলবার	১০,০০০/-	১,৫০০/-	১,০০০/-
	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লং ব্যারেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-
প্রতিষ্ঠান পর্যায়ে	লং ব্যারেল	১০,০০০/-	১,৫০০/-	১,০০০/-
ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান	-	২০,০০০/-	৩,০০০/-	২,০০০/-
সেপ কিপিং	-	৫,০০০/-	৭৫০/-	৫০০/-
নবায়ন ফি, ভ্যাট ও উৎস কর জমা দেয়ার কোড নম্বর		**১-২২১১-০০০০-১৮৫৯ (ট্রেজারি চালান কোড) ১৪২২১০২ (এ চালান কোড)**	**১১৪১১০১ (এ চালান কোড)**	**১১১১১০১ (ব্যক্তি) ১১১২১০১ (প্রতিষ্ঠান) (এ চালান কোড)**

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সূচি:

জেলার নাম	উপজেলার নাম	নবায়নের তারিখ	নবায়নের স্থান ও সময়	নবায়নকারী কর্মকর্তা	বিকল্প নবায়নকারী কর্মকর্তা
গাজীপুর	গাজীপুর সিটি কর্পোরেশন এলাকা, গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড ও গাজীপুর জেলার সকল উপজেলা	০১ ডিসেম্বর ২০২৪ হতে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত	সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর	ভারপ্রাপ্ত কর্মকর্তা জুডিসিয়াল মুন্সিখানা শাখা ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসকের কার্যালয় গাজীপুর	ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিক্ষা ও কল্যাণ শাখা ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসকের কার্যালয় গাজীপুর

Scanned with CamScanner

শর্তাবলী-

০১। গাজীপুর জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্স ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুডিসিয়াল মুন্সিখানা শাখা নিম্নস্বাক্ষরকারীর পক্ষে নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। নবায়নের সময় বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ব্যক্তিগণকে সশরীরে হাজির হয়ে মূল লাইসেন্স এবং আগ্নেয়াস্ত্র (কার্তুজসহ), গোলাবারুদ ও গোলবারুদের হিসাব নবায়নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন। আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ থানায় জমা রাখা হলে তার প্রমাণপত্র উপস্থাপন করতে হবে। **উল্লেখ্য, নবায়নকালে আগ্নেয়াস্ত্রের ধরণ, প্রতিষ্ঠান, টিন সার্টিফিকেট, মোবাইল নম্বর, ই-মেইল নম্বর, মূল লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং লাইসেন্সধারীর স্বাক্ষরসহ আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।**

০৩। আগ্নেয়াস্ত্রের জন্য প্রযোজ্য নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের আবেদনের সাথে নবায়নকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে।

০৪। ঘোষিত তফসিল অনুযায়ী আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নবায়নের প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে নবায়ন করা হবে।

০৫। সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নবায়ন না করতে পারার জন্য সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে। আবেদন সন্তোষজনক বিবেচিত হলে পুনঃ লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে।

০৬। নবায়নের নমুনা আবেদনপত্রটি জেলা প্রশাসন, গাজীপুরের ওয়েবসাইট www.gazipur.gov.bd এ পাওয়া যাবে।

২৮/১১/২০২৪
নাফিসা আরেফীন
জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর
ফোন : ০২-৪৯২৭৩০৭০
ফ্যাক্স : ০২-৪৯২৭৩০২২
E-mail : dcgazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০১৪.০৮.০১০.২২-৯০৮৫

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩১ / ২৮ নভেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/অবগিত ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৩। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট..............................(সকল)
৬। পুলিশ সুপার, গাজীপুর
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর
৮। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড, গাজীপুর (গণবিজ্ঞপ্তিটি তার অধিক্ষেত্রে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো)
৯। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালীগঞ্জ/কাপাসিয়া/শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। জেলা তথ্য অফিসার, গাজীপুর (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২। অফিসার-ইন-চার্জ, সদর/বাসন/কোনাবাড়ি/কাশিমপুর/পুবাইল/গাছা/টঙ্গী (পূর্ব)/টঙ্গী (পশ্চিম) থানা, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর (আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে নবায়নের সময়সূচি অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩। অফিসার-ইন-চার্জ, জয়দেবপুর/কালিয়াকৈর/কালীগঞ্জ/শ্রীপুর/কাপাসিয়া থানা, গাজীপুর (আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে নবায়নের সময়সূচি অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, ...পত্রিকা, গাজীপুর (গণবিজ্ঞপ্তিটি পত্রিকায় জনস্বার্থে বিনামূল্যে সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৫। নোটিশ বোর্ড
১৬। অফিস কপি।

২৮/১১/২০২৪
জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর

Scanned with CamScanner